# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৫৯

১/ বিবিধ

আরবী

أربع من سعادة المرء: أن تكون زوجته موافقة، وأولاده أبرارا، وإخوانه صالحين، وأن يكون رزقه في بلده
ضعيف جدا

رواه النسائي في " حديثه " (132 / 2) وابن عساكر في " تاريخه " (15 / 325 / 2) من طريقين عن بقية بن الوليد عن أبي يعقوب المدني عن عبد الله بن الحسين عن أبيه عن جده. وقال ابن عساكر: " غريب جدا ". قلت: وهذا سند ضعيف جدا، أبو يعقوب المدني لم أعرفه، فهو من شيوخ بقية المجهولين الذين كان يدلسهم، قال ابن معين: " إذا لم يسم بقية شيخه وكناه فاعلم أنه لا يساوي شيئا ". وقال ابن المبارك: " نعم الرجل بقية لولا أنه يكني الأسماء، ويسمي الكنى
وعبد الله بن الحسين لم أعرفه، ولا نعلم للحسين بن علي بن أبي طالب ابنا اسمه عبد الله و (الحسين) كذلك وقع في الطريقين، ولعله خطأ من بعض الرواة أو النساخ، ويؤيده أن الحديث أخرجه أبو بكر الشافعي في " الفوائد " (ج 73 / 258 / 1)
والديلمي (1 / 1 / 166) من طريق عمرو بن جميع عن عبد الله بن حسن عن أبيه عن جده مرفوعا. وعلى هذا فالحديث من مسند الحسن بن علي بن أبي طالب لا من مسند علي، فإن عبد الله هذا هو ابن حسن بن حسن بن علي بن أبي طالب، وهو ثقة مأمون، لكن الراوي عنه عمرو بن جميع كذاب: قد وجدت له طريقا أخرى عن الحسين عن علي رضي الله عنهما، فقال الدنيوري في " المجالسة " كما في " المنتقى

منها " (21 / 2 نسخة حلب) : حدثنا محمد بن الحسين حدثني علي بن الحسين بن موسى عن أبيه عن علي بن الحسين عن أبيه عن علي بن أبي طالب مرفوعا. وهذا إسناد ساقط من دون موسى (وهو ابن عبد الله بن حسن المتقدم) لم أعرفهم، لكن الدينوري نفسه متهم واسمه أحمد بن مروان، قال الذهبي: " اتهمه الدارقطني، ومشاه غيره ". وقال الحافظ في " اللسان ": " وصرح الدارقطني في " غرائب مالك بأنه يضع الحديث

والحديث أورده السيوطي في " الجامع " من رواية ابن عساكر والديلمي عن علي، وابن أبي الدنيا في " كتاب الإخوان " عن عبد الله بن الحكم عن أبيه عن جده

ولم يتعقبه المناوي بشيء غير أنه قال: " رمز المصنف لضعفه

وقد عرفت أنه ضعيف جدا من طريق ابن عساكر، وباطل من الطريقين الآخرين، وقوله " عبد الله بن الحكم " أظنه تصحيف من " عبد الله بن الحسن " كما سبق في رواية أبي بكر الشافعي، وكذلك هو في " الجامع الكبير " (1 / 90 / 1) لكن وقع فيه " ... ابن أبي الحسن

বাংলা

৭৫৯। মানুষের সৌভাগ্য হচ্ছে চারটি বস্তুতেঃ তার স্ত্রী তার মতের অনুসারী হলে, তার সন্তানেরা সৎকর্ম করলে, তার ভাইয়েরা নেককার হলে এবং তার রিয্‌ক তার দেশের মধ্য হতেই উপার্জিত হলে।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি নাসাঈ তার "আল-হাদীছ" (২/১৩২) গ্রন্থে এবং ইবনু আসাকির "আত-তারীখ" (১৫/৩২৫/১) গ্রন্থে দুটি সূত্রে বাকিয়াহ ইবনুল ওয়ালীদ হতে তিনি আবু ইয়াকুব আল-মাদানী হতে তিনি আব্দুল্লাহ ইবনুল হাসান হতে তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন।

ইবনু আসাকির বলেনঃ হাদীছটি খুবই গারীব।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। আবু ইয়াকুবকে আমি চিনি না। তিনি বাকিয়ার মাজহুল শাইখদের একজন যাদের থেকে তিনি তাদলীস করতেন। ইবনু মাঈন বলেনঃ বাকিয়াহ যখন তার শাইখের নাম উল্লেখ না করে কুনিয়াত উল্লেখ করবে, তখন জানবে তিনি কিছুরই সমতুল্য নন। ইবনুল মুবারাক বলেনঃ যদি

নামগুলোকে কুনিয়াত আর কুনিয়াতগুলোকে নাম হিসাবে চালিয়ে না দিতেন তাহলে বাকিয়াহ ভাল মানুষ হতেন।

আব্দুল্লাহ ইবনুল হাসানকে আমি চিনি না। হাদীছটি আবু বাকর আশ-শাফেট "আল-ফাওয়ায়েদ" (৭৩/২৫৮/১) গ্রন্থে এবং দাইলামী (১/১/১৬৬) আম্বর ইবনু জামী সূত্রে বর্ণনা করেছেন। এই আমর মিথ্যুক। হাদীছটি আরেক সূত্রে আদ-দানীউর "আল-মুজালাসাহ" গ্রন্থে বর্ণনা করেছেন। তাতে একাধিক মাজহুল বর্ণনাকারী রয়েছেন।

দানীউরী নিজেই মিথ্যার দোষে দোষী ব্যক্তি। তার নাম হচ্ছে আহমাদ ইবনু মারওয়ান। হাফিয যাহাবী বলেনঃ তাকে দারাকুতনী মিথ্যার দোষে দোষী করেছেন। অন্য বিদ্বানগণ তাকে চালিয়ে দিয়েছেন। হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে বলেনঃ "গারায়েবে মালেক" গ্রন্থে দারাকুতনী স্পষ্টভাবে বলেছেনঃ তিনি হাদীছ জাল করতেন। তা সত্ত্বেও সুয়ূতী হাদীছটি "আল-জামে" গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71638

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন